

আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি

রেজি: নং: ঢ-০৮৮২৮, ফোন: ৮০০১২২২

ঠিকানা: আই/৩/৪, আরিফাবাদ হাউজিং সোসাইটি, রূপনগর। ঢাকা - ১২১৬।

কার্যনির্বাহী পরিষদের ৭৪তম সভার কার্যবিবরণী (সংশোধিত)

১৯/৪/২০২৫ ইং রোজ শনিবার বাদ মাগরিব 'আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি'র কার্যনির্বাহী পরিষদের ৭৪তম এবং নবগঠিত কার্যনির্বাহী পরিষদের ১ম সভা সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় নবগঠিত কার্যনির্বাহী পরিষদের ১৮ (আঠার) জন সম্মানিত সদস্য উপস্থিত ছিলেন। সমিতির সভাপতি জনাব এম. এ. খালেক-এর সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়।

সভাপতি সাহেবের অনুরোধক্রমে, সমিতির কেয়ারটেকার জনাব মুহাম্মাদ ওমর ফারুক পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন। সভা পরিচালনা করেন সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির।

সভার শুরুতে সভাপতি সাহেব নবগঠিত কার্যনির্বাহী পরিষদের সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং সবাইকে অত্র আবাসিক এলাকার সার্বিক উন্নয়নের জন্য নিঃস্বার্থ ও নিরলসভাবে কাজ করে যাওয়ার অনুরোধ জানান। সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির দেশের বর্তমান প্রেক্ষাপটে আবাসিক এলাকার সাধারণ জনগণের প্রত্যাশাকে গুরুত্ব দিয়ে সমিতির কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

পরবর্তীতে সাধারণ সম্পাদক সাহেব সমিতির উপদেষ্টা পরিষদ গঠনের লক্ষ্যে ৭ (সাত) সদস্যবিশিষ্ট উপদেষ্টা মণ্ডলীর নাম সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত কার্যনির্বাহী পরিষদের সদস্যদের সর্বসম্মতিতে প্রস্তাবিত উপদেষ্টা মণ্ডলীর নাম অনুমোদিত হয়। অনুমোদিত উপদেষ্টা পরিষদের নাম নিম্নরূপ:

ক্রমিক নং	নাম
১	জনাব এবিএম ওসমান গনি
২	জনাব মোঃ রবিউল আলম খান
৩	জনাব মোঃ হাফিজুর রহমান
৪	জনাব মোঃ শাহজাহান সরকার
৫	কমান্ডার মোঃ নিজাম উদ্দিন
৬	জনাব মোঃ শাহিন রহমান
৭	প্রকৌ: খন্দকার ইমদাদুল হক
৮	প্রকৌ: হাফেজ ক্বারী মাকসুদুর রহমান

আজকের সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং মিষ্টান্ন দিয়ে আপ্যায়ন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এম. এ. খালেক

সভাপতি

আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি

প্রকৌশলী মোঃ হুমায়ুন কবির

সাধারণ সম্পাদক

আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি